জিয়া-খালেদার সমাধিতে যুক্তরাষ্ট্রের সহকারী পররাষ্ট্রমন্ত্রীর শ্রদ্ধা



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন।

বৃহস্পতিবার (৫ মার্চ) রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত সমাধি প্রাঙ্গণে গিয়ে তিনি পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনও তার সঙ্গে ছিলেন।

জিয়াউর রহমানের সমাধিস্থলে সংস্কার কাজ চলায় তারা মূল সমাধিতে না গিয়ে প্রবেশপথের সামনে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন এবং কিছুক্ষণ নীরবতা পালন করেন।

LENS ASIA